

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বহিরাগমন-৩ শাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

নং-৫৮.০০.০০০০.০৪০.৪১.০০২.১৮-৬৭৪/১

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ  
১৫ মে ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বৈবাহিক সূত্রে এবং বিনিয়োগকারী হিসেবে বাংলাদেশি নাগরিকত্ব প্রদান করা হয়। বিদ্যমান ব্যবস্থায় বাংলাদেশে অবস্থানরত বিদেশি আবেদনকারী নির্ধারিত ফরমে তথ্যাদি পূরণপূর্বক অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ডাকযোগে এবং সরাসরি মন্ত্রণালয়ে আবেদন দাখিলের পর নাগরিকত্ব আইন/বিধি/পরিপত্র অনুসরণে গোয়েন্দা সংস্থা ও বিনিয়োগ বোর্ডের (বিনিয়োগকারী হিসেবে) প্রতিবেদন, প্রয়োজনীয় কাগজপত্র ও প্রয়োজনীয় ফি যাচাই-বাছাইপূর্বক সনদ ইস্যু করা হয়। বর্ণিত সেবাটি সহজীকরণ এবং দ্রুততম সময়ে প্রাপ্তির লক্ষ্যে Access to Information (a2i) Programme এর সহায়তায় অনলাইন বেইজড করা হয়েছে যাতে সেবা প্রত্যাশী সরাসরি অনলাইনে আবেদন দাখিল করতে পারেন। এক্ষেত্রে আবেদনকারী/সেবা প্রত্যাশীকে ডাকযোগে এবং সরাসরি মন্ত্রণালয়ে আবেদন দাখিলের প্রয়োজন হবে না। বর্ণিত সেবাটির প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্নক্রমে অদ্য ১৫/০৫/২০১৯ তারিখ হতে নির্দেশক্রমে চালু করা হলো, যার কার্যপ্রক্রিয়া নিম্নরূপঃ

ধাপ-১: [www.nothi.gov.bd](http://www.nothi.gov.bd) ওয়েবসাইটের 'নাগরিক কর্নার' থেকে অথবা [online.forms.gov.bd](http://online.forms.gov.bd) থেকে 'সুরক্ষা সেবা বিভাগ' শীর্ষক ট্যাব এর অধীনে 'বাংলাদেশি নাগরিকত্বের জন্য আবেদনপত্র' ফরমে ক্লিক করে আবেদন ফরম পূরণ ও প্রয়োজনীয় ছবি/ডকুমেন্টস সংযুক্তপূর্বক আবেদন দাখিল করতে হবে।

ধাপ-২: আবেদন দাখিল করার পর স্ক্রিনে ট্র্যাকিং নম্বর প্রদর্শিত হবে এবং মোবাইল নম্বর ও ই-মেইলেও আবেদন দাখিলের বার্তা পাওয়া যাবে। উক্ত ট্র্যাকিং নম্বর দিয়ে [www.nothi.gov.bd](http://www.nothi.gov.bd) এর 'নাগরিক কর্নার' থেকে আবেদনের সর্বশেষ অবস্থা জানা যাবে।

ধাপ-৩: আবেদনটি নিষ্পত্তি হওয়ার পর সিদ্ধান্ত জ্ঞাপক পত্র ই-ফাইল হতে আবেদনকারীর ই-মেইলে প্রেরণ করা হবে এবং উক্ত পত্র প্রেরণের নোটিফিকেশন মোবাইলে এসএমএসের মাধ্যমে জানানো হবে।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

  
শিরীন রবি  
উপসচিব

ফোন: +৮৮০-২-৯৫৭৪৩১৩

[Immi3@ssd.gov.bd](mailto:Immi3@ssd.gov.bd)

অতিরিক্ত সচিব  
প্রশাসন ও অর্থ অনুবিভাগ  
ও  
চিফ ইনোভেশন অফিসার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

- ১) অনুবিভাগ প্রধান সকল (-----), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২) জনাব মোঃ হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪) জনাব মোছাঃ শিরিন সবনম, উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫) জনাব মুহাম্মদ আবদুল হাই মিলটন, সিনিয়র সহকারী সচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৬) জনাব মোঃ আইয়ুব হোসেন, প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সেবার ঠিকানাটি সুরক্ষা সেবা বিভাগের ওয়েব সাইটে সংযুক্তকরণসহ এ বিভাগের ফেসবুক পেজে সাধারণ ব্যবহারকারীগণের/সর্বসাধারণের অবগতির জন্য প্রচার/প্রচারণার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।